



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/১৭৭

তারিখ : ২৬/১১/২০২৩ খ্রি.

বিষয় : ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার স্থগিত (Withheld), ক্রস (X) এবং অনুপস্থিত (Absent) আকারে প্রকাশিত ফলাফলের সংশোধিত ফল প্রকাশের জন্য আবেদন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার ফলাফলে স্থগিত (Withheld), ক্রস (X) এবং অনুপস্থিত (Absent) আকারে প্রকাশিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে আগামী ২৭/১১/২০২৩ হতে ০৭/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন) সংশোধিত ফল প্রকাশের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ সশরীরে উপস্থিত হয়ে আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ০১। পরীক্ষার্থী কর্তৃক লিখিত আবেদন।
- ০২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ স্বাক্ষরকৃত অগ্রায়ণপত্র।
- ০৩। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ০৪। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত এডমিট কার্ডের ফটোকপি।
- ০৫। অনলাইন থেকে সংগৃহীত পরীক্ষার্থীর ফলাফলের হার্ডকপি।
- ০৬। পরীক্ষার্থীর হাজিরাপত্র ও ব্যবহারিক নম্বরপত্রের কপি।

বিশেষ দৃষ্টব্য: প্রয়োজনীয় কাগজপত্রসহ দুই সেট আবেদন প্রস্তুত করে ২ নং ভবনের চতুর্থ তলায় উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জনাব সৈয়দ মাহবুবুল ইসলাম এর নিকট ০৭/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন) জমা দিতে হবে। উক্ত তারিখের পর এ সংক্রান্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

প্রাপক:

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের

সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।

(প্রফেসর মোঃ সামদুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৪২

E-mail : conbisemym@gmail.com

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। অফিস কপি।